## পারস্পরিক শেয়ারিং বিষয়ক

প্রথম পাতার পর

অন্য সবার সাথে আলোচনা করে কাজটি শুরু করলে এর ফলাফল অবশ্যই আরও ভালো হতে পারে। পরিবার, সমাজ, কারখানা, অফিস যে কোনো ক্ষেত্রে এ বিষয়টি আমাদের জন্য খুবই জরুরী।

## রুটিন সার্ভিলেন্স অডিট

প্রথম পাতার পর

শুরু করার আগে এবং অডিট শেষে যথাক্রমে ১০ তারিখ সকাল এবং ১১ তারিখ বিকালে স্বল্প মেয়াদে দুটি মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিংয়ে পরামর্শক প্রতিষ্ঠান থেকে আগত অডিটরগণসহ অত্র প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইন্টারনাল অডিটরগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় হজ্জব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরব অবস্থান করায় উপ ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ এ.এইচ.এম. জহিরুল হক মহোদয় অত্র মিটিংয়ে সভাপতিত্ব করেন।

ইঞ্জিঃ মোঃ হাফিজুর রহমান, পিইঞ্জ
ডিজিএম (কোয়ালিটি অ্যাস্যুরেন্স) এন্ড
ম্যানেজমেন্ট রিপ্রেজেন্টেটিভ (এম.আর)

## কংক্রিট ব্লক কারখানা

প্রথম পাতার পর

বনভূমি। যেখানে প্রয়োজনের তুলনায় আমাদের দেশে বনভূমির পরিমাণ খুবই কম, সেটাও ধ্বংস করা হচ্ছে প্রতিনিয়ত। তাছাড়া কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা খরচ করে কয়লা আমদানি করতে হচ্ছে। সরকারি হিসাব মতে, সারাদেশে বর্তমানে সাত হাজারের অধিক ইটভাটা রয়েছে, যেখানে ইট প্রস্তুতের জন্য কমপক্ষে ১২৭ কোটি ঘনফুট মাটির প্রয়োজন হয়। এই মাটির বেশিরভাগই ভূ-পৃষ্ঠের উপরিভাগ অর্থাৎ কৃষি জমির উপরিভাগ থেকে উত্তোলন করা হয়ে থাকে। অপরিকল্পিত মাটি উত্তোলনের ফলে কৃষি কাজের জন্য মাটির গুণাগুণ দিনে দিনে নষ্ট হয়ে যাচ্ছে। মাটির গুণাগুণ আজ হুমকির সম্মুখীন। কৃষি কাজের উপযোগী একটি আদর্শ মাটিতে শতকরা পাঁচ ভাগ জৈব পদার্থের উপস্থিতি থাকার কথা। কিন্তু আমাদের দেশের বেশিরভাগ মাটিতে এর পরিমাণ স্থানভেদে গড়ে শতকরা এক ভাগেরও কম রয়েছে। আর এই জৈব পদার্থই ফসল উৎপাদনের পুষ্টি উপাদান সরবরাহ করে থাকে। জৈব পদার্থের এ পরিমাণ শুধু মাটির উপরাংশে বিদ্যমান থাকে। যতই নিচের দিকে যাওয়া যায়, ততই জৈব পদার্থের পরিমাণ আস্তে আস্তে কমতে থাকে। এমতাবস্থায় ফসলি জমির উপরিভাগ থেকে মাটি সংগ্রহের ফলে এসব জমিতে ফসল উৎপাদনের জন্য অতিমাত্রায় রাসায়নিক সার ব্যবহৃত হচ্ছে। যার প্রভাব পড়ছে জীববৈচিত্রের ওপর। পাশাপাশি পরিবেশ ও মানুষের ক্ষতি তো আছেই। স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, ইটভাটার কালো ধোঁয়ায় বেশি ক্ষতি হয় বয়স্ক ও শিশুদের। এতে ফুসফুসের সমস্যা, শ্বাসকষ্ট ও ঠান্ডাজনিত বিভিন্ন রোগসহ অ্যালার্জি দেখা দেয়। তাছাড়া কৃষি উৎপাদন ও গাছপালার স্বাভাবিক বৃদ্ধিও বাধাগ্রস্থ হয়।

বিশ্বায়নের এই সময়ে পরিবেশ রক্ষায় ইটের বিকল্প নিয়ে সারা বিশ্বই কাজ করছে। উন্নত বিশ্বে ইটের বিকল্প হিসেবে কংক্রিট ব্লক ব্যবহার হচ্ছে। চীনে মাটির তৈরি ইট ব্যবহার সম্পূর্ণ নিষেধ। আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতও ইটভাটা নিয়ন্ত্রণে অত্যন্ত কঠোর।

আশার কথা হচ্ছে, আমাদের দেশে কংক্রিট ব্লক ব্যবহার ইতিমধ্যে শুরু হয়েছে। কংক্রিট ব্লক ব্যবহার করলে এতে লোনা ধরে না, ড্যাম্প হয় না; সর্বোপরি এটি স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব। তাছাড়া এটি অগ্নি, তাপ ও শব্দ প্রতিরোধক। দেশের সার্বিক পরিবেশ ও ফসলি জমি রক্ষাকল্পে যথাযথ ব্যবস্থা নেয়া অতীব জরুরী। আশা করি, বর্তমান জনবান্ধব সরকার একটি সময়োপযোগী নীতিমালা গ্রহণ করে ইটের পরিবর্তে কংক্রিট ব্লক ব্যবহারে জনগণকে উৎসাহিত করবে।

## শুভেচ্ছা

প্রথম পাতার পর

১৯৮৩ থেকে ২০১৭ দীর্ঘ চৌত্রিশ বৎসর। অনেক চড়াই উৎড়াই পেরিয়ে এস.ই.এল আবাসন খাতে আজ একটি বহুল আলোচিত নাম। এটা সম্ভব হয়েছে এস.ই.এল এর প্রতি সম্মানিত জমির মালিক ও ক্রেতাবৃন্দের অগাধ বিশ্বাস ও ভালোবাসা এবং অত্র কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী, সেই সাথে প্রকল্পে কর্মরত বিরাট সংখ্যক কর্মী বাহিনীর একাগ্রতা ও নিরলস পরিশ্রমের ফলে। তাই আমি আমার অন্তরের অন্তস্থল থেকে সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। পাশাপাশি আমাদের ব্যবসার অন্যতম সহযোগী সরবরাহকারীবৃন্দ আমাদের উপর আস্থা রেখে সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। বিশেষ করে বর্তমান সময়ে আবাসন খাত যেখানে চরম বিপর্যয়ের মধ্যে নিপতিত, অনেকেই যখন কাজ-কর্ম বন্ধ করে দিয়ে বসে আছেন, সেখানে আজ পর্যন্ত আমাদের সমস্ত প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্তির পথে এগিয়ে চলেছে। আমাদের সরবরাহকারীদের নিঃশর্ত সহযোগিতা ছাড়া এটা কোন অবস্থাতেই সম্ভব হতো না।

অন্য সময়ে যেখানে প্রতি মাসেই পাওনা পরিশোধ করা হতো সেখানে এখন প্রতি মাসেও তা পারছি না। তারপরও অদ্যাবধি কোন সরবরাহকারী আমাদের থেকে মুখ ফিরিয়ে নেয়নি। তাই তাদের প্রতিও আমরা গভীরভাবে কৃতজ্ঞ।


অন্যদিকে যে সকল আর্থিক প্রতিষ্ঠান বিভিন্ন সময়ে আমাদের সহায়তা দিয়েছেন তাদের প্রতিও আমরা বিশেষভাবে কৃতজ্ঞ। পরিশেষে সকলের কাছে দোয়া কামনা করছি যাতে অতীতের ন্যায় আগামী দিনগুলিতেও আমাদের সকল ওয়াদা যথাযথভাবে রক্ষা করতে পারি।

**- ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক
দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ

## মোঃ ইমরান হোসেন

**শিক্ষানবিশ ইঞ্জিনিয়ার**
এর

## কবিতা




এস.ই.এল. এ শিখছি আমি
বাংলা মটরের পাশে,
সোহাগ নামক কমিউনিটি সেন্টার
নামটা সাইন বোর্ডে আছে।

৯১, ৯২ হোল্ডিং নম্বর
রোডের নাম নিউ ইস্কাটন,
৫৫ কাঠায় কাজ করার
আছে রাজউকের অনুমোদন।

১১৫টি পরিবারের বাস
হবে ৩টি বাড়িতে,
৬০ গ্রেডের রড আছে
ভয় নেই সাইক্লোডিক আঘাতে।

১৮৬৫ থেকে ২৫৮৮ আয়তনের
মোট নয় আকারের বর্গফিট,
আলো-বাতাসের সমরোহ
আছে আধুনিক লিফ্ট।

সুস্থ সবল থাকতে চান যিনি
হাটবেন পার্কে তিনি,
সাঁতার কাটাও বাদ যাবে না
সুইমিং পুল আছে মিনি।

রাখবে গাড়ি দুটি বেজমেন্টে
ব্যায়াম করবেন জিমটায়,
প্রার্থনাটাও বাদ যাবে না
আলোকিত প্রেয়ার রুমটায়।

ছোট্ট খোকা সোনামনি
করবে না মন খারাপ,
ছাদে খেলবে ব্যাডমিন্টন
নিচে খেলার মাঠ।

হচ্ছে কাজ বেজমেন্ট এখন
দুই হাজার সতের,
ঝড় আসছে বার বার
করতে চায় এলোমেলো।

ফোরম্যান নুরু আলম
আর কন্টাক্টর দুরুল,
যে যার কাজ করছে যেন
মেনে সঠিক সিডিউল।

ইস্কান্দর ভাই ব্যস্ত থাকে
সদা নিয়ে একাউন্ট,
আতাউর ও সাহাবুদ্দিন ভাই নজর রাখে
কি আসল আর কি গেল
কত লিটার কত পাউন্ড।

টার্গেট তাদের ২১ সালের
জানুয়ারি একত্রিশ,
তার আগে বেজমেন্টসহ
চৌদ্দ তলা করতে হবে ফিনিশ।

মাসুদ, আজিম, মাহবুব স্যার
দিন রাত কষ্ট করছেন তারা,
তাদের হাতে গড়া হবে
'আফরোজা মোতালিব স্বপ্নধারা'।

# প্রকল্প উদ্বোধন ও মিলাদ



গত জানুয়ারি ২৩, ২০১৭ইং তারিখে প্লট নং- ৬/১৩, ব্লক- এ, লালমাটিয়া, ঢাকাস্থ **"এস.ই.এল. নবনীড়"** আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় পরিচালক, পরিচালক (কারিগরী) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত মার্চ ০৬, ২০১৭ইং তারিখে প্লট নং- ০৩, রোড নং- ০৮, গুলশান-০১, ঢাকাস্থ **এস.ই.এল** এর নতুন আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দু'আ মুনাজাত করেন দারুল হাবিব খানকাহ্ শরীফের সম্মানিত পীর কুতুবুল এরশাদ সূফী অদুদুর রহমান। উক্ত অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (কারিগরী) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত এপ্রিল ২৮, ২০১৭ইং তারিখে প্লট নং- ১৬, লেক সার্কাস, কলাবাগান, ঢাকাস্থ **"এস.ই.এল. জাকারিয়া ভিসতা"** আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় জিএম (মার্কেটিং এন্ড ফাইন্যান্স) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মে ২৩, ২০১৭ইং তারিখে প্লট নং- সি/৬২, সি/৬৩, ব্লক- সি, মহানগর প্রজেক্ট, রামপুরা, ঢাকাস্থ **"এস.ই.এল. ঝিলমিল"** আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় ডিজিএম (ল্যান্ড) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



## মোসাম্মাদ আয়েশা সিদ্দিকা

সকলের নিকট দু'আ প্রার্থী

মেধাবী ছাত্রী মোসাম্মদ আয়েশা সিদ্দিকা ২০১৭ সালে ঢাকা বোর্ড থেকে এস.এস.সি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে GPA-5 (A+) পেয়ে সফলতার সাথে উত্তীর্ণ হয়েছে। ডাক্তার হওয়া তার স্বপ্ন। সে এস.ই.এল পরিবারের সদস্য জনাব মোঃ মিজানুর রহমান, স্টোর এন্ড একাউন্টস্ এ্যাসিস্ট্যান্ট এর কন্যা। মোসাম্মদ আয়েশা সিদ্দিকা সকলের নিকট দু'আ প্রার্থী।

## নতুন প্রকল্পের চুক্তি স্বাক্ষর



গত এপ্রিল ০৪, ২০১৭ইং তারিখে প্লট নং- ০২, ইস্কাটন, রমনা, ঢাকায় এস.ই.এল. এর নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত এপ্রিল ২৪, ২০১৭ইং তারিখে প্লট নং- ডি/২৯, রোড নং- ০৬, ব্লক-ডি, নিকেতন, গুলশান, ঢাকায় **"এস.ই.এল. সানিসাইড"** আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত এপ্রিল ২৫, ২০১৭ইং তারিখে প্লট নং- ৩৬৭, ব্লক-এইচ, বসুন্ধরা, ঢাকায় **"এস.ই.এল. গোফরান হেরিটেজ"** আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## প্রকল্প হস্তান্তর ও পরিচিতি অনুষ্ঠান




গত ডিসেম্বর ১৯, ২০১৬ইং তারিখে বাড়ি নং- ৩০১, হলি লেন, শ্যামলী, মোহাম্মদপুর, ঢাকায় **"এস.ই.এল. আর্কেডিয়া"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক,মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত জানুয়ারি ০৭, ২০১৭ইং তারিখে প্লট নং- ৭/৫/১, মোহনপুর, রিং রোড, শ্যামলী, ঢাকায় **"এস.ই.এল. আনোয়ার'স ড্রিম"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গত মার্চ ২২, ২০১৭ইং তারিখে প্লট নং- ১০৫৯/১, শেওড়াপাড়া, মিরপুর, ঢাকায় **"এস.ই.এল. মিষ্কি ছায়ানীড়"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত এপ্রিল ২৯, ২০১৭ইং তারিখে প্লট নং- ০১, রোড নং- ০১, ব্লক-জি, হালিশহর হাউজিং এস্টেট চট্টগ্রাম এ **"শাহ্আরা-এস এস.ই.এল. হাইটস্"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর জিএম (মার্কেটিং এন্ড ফাইন্যান্স), ডিজিএম (ল্যান্ড), ডেপুটি চীফ আর্কিটেক্ট, এজিএম (সেল্‌স) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মে ০৯, ২০১৭ইং তারিখে প্লট নং- ০৪, এলিফ্যান্ট রোড, নিউ মার্কেট, ঢাকায় **"এস.ই.এল. আহমেদ ভিলা"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




গত মে ১৭, ২০১৭ইং তারিখে প্লট নং- ১৪, রোড নং- ০৩, ব্লক- বি, সেকশন-০২, মিরপুর, ঢাকায় **"এস.ই.এল. হেনা গার্ডেন"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

